

গ্রন্থাগারে বই পড়ি
আলোকিত মানুষ গড়ি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
জেলা সরকারি গণগ্রন্থাগার, নড়াইল

নম্বর ৪৩.২৬.৬৫০০.০০০.২৩.০০২.১৯.৮১

তারিখ ৮ অগ্রহায়ণ ১৪২৭

২৩ নভেম্বর ২০২০

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: মহান বিজয় দিবস ২০২০ উপলক্ষে রচনা, বইপাঠ ও চিত্রাংকন প্রতিযোগিতা।

মহান বিজয় দিবস ২০২০ উদযাপন উপলক্ষে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন গণগ্রন্থাগার অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন জেলা সরকারি গণগ্রন্থাগার, নড়াইল-এ নিম্নোক্ত বিষয়ে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। এ উপলক্ষে আগ্রহী সকলকে যোগ্যতা অনুযায়ী প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আহবান জানানো যাচ্ছে।

ক) রচনা প্রতিযোগিতা

ক্র.নং.	গ্রুপ	শ্রেণি	রচনা প্রতিযোগিতার বিষয়	শব্দসীমা
১.	ক	পঞ্চম-অষ্টম	আমাদের বিজয় আমাদের আনন্দ	১০০০
২.	খ	নবম-দ্বাদশ	বঙ্গবন্ধু ও বাংলাদেশ	১২০০
৩.	গ	স্নাতক-স্নাতকোত্তর	মুজিব শতবর্ষে বিজয় দিবস	১৫০০
৪.	ঘ	সর্বসাধারণ	বিজয় দিবসের প্রেক্ষাপট ও তাৎপর্য	১৮০০

খ) চিত্রাংকন প্রতিযোগিতা :

ক্র.নং.	গ্রুপ	বয়সসীমা	চিত্রাংকন প্রতিযোগিতার বিষয়
১.	ক	অনূর্ধ্ব-৭ বছর	উন্মুক্ত
২.	খ	অনূর্ধ্ব-১২ বছর	আমাদের বিজয় দিবস
৩.	গ	প্রতিবন্ধী	উন্মুক্ত

রচনা প্রতিযোগিতা বিষয়ে জ্ঞাতব্য : প্রতিযোগিতার রচনা সরাসরি/ডাকযোগে/দ্রাম্যমাণ লাইব্রেরির গাড়ির মাধ্যমে অত্র দপ্তরে প্রেরণ করা যাবে। রচনা পৌছানোর শেষ তারিখ ১৪.১২.২০২০।

চিত্রাংকন প্রতিযোগিতা বিষয়ে জ্ঞাতব্য : চিত্রাংকন প্রতিযোগিতায় আর্ট পেপারে স্বহস্তে অংকিত চিত্র অত্র দপ্তরে এ ১৪.১২.২০২০ তারিখের মধ্যে সরাসরি/ডাকযোগে/দ্রাম্যমাণ লাইব্রেরির গাড়ির মাধ্যমে প্রেরণ করা যাবে।

শর্তাবলি :

১. রচনা A4 আকারের সাদা কাগজে স্বহস্তে প্রতি পাতার একদিকে লিখতে হবে, উভয় পৃষ্ঠায় লেখা যাবে না।
২. ছাত্রছাত্রীদের রচনা স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক এবং অন্যান্য প্রতিযোগীর রচনা জাতীয় পরিচয়পত্রের ফটোকপি অথবা প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নসহ জমা দিতে হবে।
৩. রচনায় অবশ্যই জন্মানকারীর নাম, পিতা ও মাতার নাম, স্কুলের নাম এবং মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
৪. রচনার শব্দসংখ্যা নির্ধারিত সীমার অধিক হলে তা মূল্যায়নের জন্য বিবেচিত হবে না।
৫. চিত্রাংকন প্রতিযোগিতায় অংশগ্রহণে প্রত্যেক প্রতিযোগীকে লিগ্যাল সাইজের আর্ট পেপারে অংকিত চিত্রের সাথে নাম, পিতা ও মাতার নাম, স্কুলের নাম, ঠিকানা, মোবাইল নম্বর এবং শিক্ষা প্রতিষ্ঠানের আইডি কার্ডের ফটোকপি ও জন্ম সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

.....
.....

২৩-১১-২০২০

মোঃ তাজমুল ইসলাম

লাইব্রেরিয়ান

ফোন: ০৪৮১-৬৩১০৮

ইমেইল: librariandgplnarail@gmail.com

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মহাপরিচালকের দপ্তর, গণগ্রন্থাগার অধিদপ্তর
- ২) পরিচালক, পরিচালক (প্রশাসন ও হিসাব), গণগ্রন্থাগার অধিদপ্তর
- ৩) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, নড়াইল
- ৪) পুলিশ সুপার, পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, নড়াইল
- ৫) প্রিন্সিপাল লাইব্রেরিয়ান কাম উপ-পরিচালক, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, খুলনা